

## শিক্ষা জরিপ ২০ সেপ্টেম্বর শুরু

■ সমকাল প্রতিবেদক  
দেশব্যাপী ২০১৬ সালের শিক্ষা জরিপ কার্যক্রম আগামী ২০ সেপ্টেম্বর শুরু হচ্ছে। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) থেকে অনলাইনে পরিচালিত মাসব্যাপী এ জরিপের মাধ্যমে ৪০ হাজার মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য সংগ্রহ করা হবে।

গতকাল মঙ্গলবার জরিপের তথ্য সংগ্রহের ছক চূড়ান্তকরণসহ জরিপ পরিচালনা কৌশলের ওপর এক কর্মশালা রাজধানীর পলাশীতে ব্যানবেইস মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে বলেন, অতিরিক্ত শিক্ষার্থীর চাপে বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামোগত সমস্যা দেখা দিচ্ছে। ব্যানবেইস পরিচালিত জরিপ অবকাঠামো নির্মাণ ও শিক্ষা উপকরণ সরবরাহ পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ব্যানবেইস পরিচালক মো. ফসিউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এসএম ওয়াহিদুজ্জামান প্রমুখ বক্তব্য রাখেন।